

# কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ২৭-০৩-২০২৩

গত ৪ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (২৩-০৩-২০২৩ থেকে ২৬-০৩-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

## উক্ত সময়ের মধ্যে

২৩ মার্চ: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অনেক জায়গায় অতি হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেন্টিমিটার) : মূর্তি: ৫ সেমি; হাসিমাড়া: ৪ সেমি; বারোবিশা, আলিপুরদুয়ার(পার্ট টাইম পর্যবেক্ষণ কেন্দ্র) : ২ সেমি; লালগড়: ১ সেমি

২৪ মার্চ: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাং, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি জেলার দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেন্টিমিটার) : নেই

২৫ মার্চ : পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পশ্চিম মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেন্টিমিটার) : নেই

২৬ মার্চ: পশ্চিমবঙ্গের নদীয়া, মুর্শিদাবাদ, জলপাইগুড়ি ও দার্জিলিং জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : নেই

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশে) : উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৫৫ থেকে ৮৭ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৪৫ থেকে ৮২ শতাংশ।

সর্বোচ্চ তাপমাত্রা: উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে ২৬-০৩-২০২৩ তারিখে বাঁকুড়া তে সর্বোচ্চ তাপমাত্রা ৩৭.৬ ডিগ্রী সেলসিয়াস ছিল।

### দিনের তাপমাত্রা

তারিখ	স্বাভাবিক	স্বাভাবিকের থেকে			
		২-৪ ডিগ্রি সেলসিয়াস কম	৫-৬ ডিগ্রি সেলসিয়াস কম	২-৪ ডিগ্রি সেলসিয়াস বেশী	৫-৬ ডিগ্রি সেলসিয়াস বেশী
	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম

২৩-০৩-২৩	দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, কাঁথি, দীঘা	কালিম্পং, মালদা, বালুরঘাট, বহরমপুর, কৃষ্ণনগর, মেদিনীপুর, আলিপুর, দমদম	--		--
২৪-০৩-২৩	দার্জিলিং, মালদা, কাঁথি	কালিম্পং, জলপাইগুড়ি, বালুরঘাট, বহরমপুর, কৃষ্ণনগর, মেদিনীপুর, আলিপুর, দমদম, দীঘা	কোচবিহার	--	--
২৫-০৩-২৩	দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, মালদা, মেদিনীপুর, আলিপুর, দমদম, কাঁথি	কোচবিহার, বালুরঘাট, বহরমপুর, কৃষ্ণনগর, দীঘা	--		--
২৬-০৩-২৩	কালিম্পং, জলপাইগুড়ি, কোচবিহার, বালুরঘাট, মেদিনীপুর, আলিপুর, দমদম, কাঁথি	বহরমপুর, কৃষ্ণনগর, দীঘা	--	দার্জিলিং, মালদা	--

### পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

#### দিন ১ (২৭ ই মার্চ)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং ও কালিম্পং জেলার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের নদীয়া, হাওড়া, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, মুর্শিদাবাদ, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম জেলার কয়েক জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ৫ দিন, দিনের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না।

### দিন ২ (২৮ ই মার্চ)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পাও, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলাগুলোর এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কলকাতা, হাওড়া, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলোর আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

### দিন ৩ (২৯ ই মার্চ)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং ও কালিম্পাও জেলার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কলকাতা, হাওড়া, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলোর আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

### সতর্কীকরণ:

#### দিন ১ (২৭ ই মার্চ)-

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ ঝোড়ো হাওয়া (গতিবেগ ৩০ - ৪০ কিমি প্রতি ঘন্টা) বয়ে যাবার সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

#### দিন ২ (২৮ ই মার্চ)-

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কলকাতা, হাওড়া, উত্তর ২৪ পরগনা , দক্ষিণ ২৪ পরগনা , পূর্ব মেদিনীপুর জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ ঝোড়ো হাওয়া (গতিবেগ ৩০ - ৪০ কিমি প্রতি ঘন্টা) বয়ে যাবার সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পাও, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে ।

দিন ৩ (২৯ ই মার্চ)- কোন সতর্কবার্তা নেই।

পরবর্তী ২ দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

স্বাক্ষরিত  
২৭-০৩-২৩

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র , আলিপুর

২৭-০৩-২৩